ঝিনাইদহে জেলা কৃষি ঋণ মেলা অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা প্রশাসনের আয়োজনে জেলা কৃষি ঋণ মেলা-২০২৩ অনুষ্ঠিত হয়। সোমবার দুপুরে শহরের পায়রা চত্বর থেকে এ উপলক্ষে একটি র্যালি বের হয়ে পানি উন্নয়ন বোর্ড মাঠে গিয়ে শেষ হয়।

জনতা ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক (এরিয়া ইনচার্জ) ও জেলা কৃষি ঋণ কমিটির সদস্য সচিব আশরাফুজ্জামান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম, বাংলাদেশ ব্যাংক খুলনার অতিরিক্ত পরিচালক অমর কুমার দাশ,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলহাজ্ব সাইদুল করিম মিন্টু,অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজীবুল ইসলাম খান,কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন, সদর উপজেলা কৃষি অফিসার জাহিদুল করিম,শৈলকুপা সার্কেলের সহকারী পুলিশ সুপার অমিত কুমার বর্মন,জনতা ব্যাংকের এজিএম মনিরুল ইসলামসহ গন্যমান্য ব্যক্তিবর্গ।

পরে জেলার ২’শত ৬৩ জন কৃষকের মাঝে ৪ কোটি ৫ লক্ষ টাকা কৃষি ঋণ বিতরণ করা হয়। অনুষ্ঠানের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রাজীবুল ইসলাম খান ও জনতা ব্যাংক কর্পোরেট শাখার এজিএম মনিরুল ইসলাম।এসময় জেলার ৩০ টি ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ২ দিন ব্যাপি কৃষি

প্রযুক্তি ও কৃষি ঋণ মেলার উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে দুই দিন ব্যাপী কৃষি প্রযুক্তি ও কৃষি ঋণ মেলার উদ্বোধন করা হয়েছে।

বুধবার বেলা ১১ টার সময় মেহেরপুর জেলা প্রশাসকের অফিস চত্ত্বরে দুই দিনব্যাপী মেলার উদ্বোধন করেন কৃষি মন্ত্রী ড.মোঃ আব্দুর রাজ্জাক।

দুই দিন ব্যাপি কৃষি প্রযুক্তি ও কৃষি ঋণ মেলার উদ্বোধন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, কৃষি মন্ত্রণালয়ের সচীব মো: সায়েদুল ইসলাম, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের (গ্রেড-১) চেয়ারম্যান এএফএম হায়াতুল্লাহ, কৃষি বিপনন অধিদপ্তরের মহাপরিচালক আব্দুল গাফ্ফার খান, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো: বেনজির আলম, বাংলাদেশ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহম্মদ বখতিয়ার, বাংলাদেশ ধান গবেষণা ইন্সটিটিউটের মহাপরিচালক ড. মো: শাহজাহান কবীর, বাংলাদেশ কৃষি গভেষণা ইন্সটিটিউটের মহাপারিচালক ড. দেবাশীষ সরকার, বাংলাদেশ পাট গবেষণা ইন্সটিটিউটের মহাপারিচালক ড. আব্দুল আওয়াল, তুলা উন্নয়ন বোর্ডের নির্বাহী পরিচালক কৃষিবিদ মো: আখতারুজ্জামান, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পরিচালক আজিজুর রহমান, মেহেরপুর পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

এছাড়া উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া।

এর আগে মন্ত্রী, প্রতিমন্ত্রী ও সরকারের বিভিন্ন দপ্তরের

পরিচালকসহ অন্যান্য অতিথিবৃন্দ ফিতা কেটে মেলার উদ্বোধন ও স্টল পরিদর্শন করেন।